

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/মাপঅর্থবরাদ্দ/০২/২০১৭-১৮- ২০৬৩

তারিখ : ০৭.০১.২০১৯ খ্রি.

**বিষয় : একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতির ম্যানেজার ও সভাপতির ভাতা উত্তোলন ও বিতরণ প্রসঙ্গে।**

সূত্র- (ক) এবাএখা/অর্থ ও হিসাব/মাঃপঃঅর্থবরাদ্দ/০২/২০১৭-১৮-৩১১৩, তারিখ: ০৯.০১.২০১৮খ্রি.

(খ) এবাএখা/অর্থ ও হিসাব/মাঃপঃঅর্থবরাদ্দ/০২/২০১৭-১৮-৬৫১১, তারিখ: ২১.০৬.২০১৮খ্রি.

একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় গঠিত সমিতির ম্যানেজার ও সভাপতির মাসিক ৬০০ টাকা হারে দুবছর সম্মানীভাতা প্রদানের বিধানের পরিপ্রেক্ষিতে সম্মানীভাতা প্রদান ও বিতরণ চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় এ কার্যালয়ের সূত্রোক্ত স্মারক মূলে ২০১৭-১৮ অর্থবছরের সম্মানীভাতার বাজেট প্রদানের সময় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়ঃ


“ক) যে সকল সমিতির সদস্য সংখ্যা ন্যূনতম ৪০ জন এবং ন্যূনতম সদস্য সংখ্যার বিপরীতে সঞ্চয় আদায় ৯০% শুধুমাত্র সে সকল সমিতির সভাপতিদের মাসে ৬০০ টাকা এবং ম্যানেজারদের মাসে ৬০০ টাকা হিসেবে সম্মানীভাতা দিতে হবে।

খ) ১৫ জুন/১৮ এর মধ্যে সদস্য সংখ্যা ন্যূনতম ৪০ জন এবং ৩০ জুন/১৮ এর মধ্যে ন্যূনতম সদস্য সংখ্যার বিপরীতে সঞ্চয় আদায় ৯০% পূরণ করে তাদের ভাতার বিল দাখিল করতে হবে অথবা ভাতা উত্তোলন করে ডিডিও হিসাবে রেখে কাজ আদায় করে ভাতা বিতরণ করতে হবে।”

লক্ষ্য করা যাচ্ছে, উক্ত অর্থবছর শেষ হওয়ার ৬ মাস অতিবাহিত হলেও কোন কোন উপজেলায় উত্তোলিত অর্থ বিতরণ সম্পন্ন হয়নি। অবিতরণকৃত অর্থ উপজেলার ডিডিও-র ব্যাংক হিসাবে জমা রাখার নির্দেশনা থাকলেও কোন কোন ক্ষেত্রে উপজেলা সমন্বয়কারী বিপুল পরিমাণ অর্থ হস্তে মজুদ রেখেছেন অথবা নিজের ব্যাংক হিসাবে জমা রেখেছেন, যা আর্থিক শৃংখলা পরিপন্থী ও সরকারি অর্থ সাময়িক আত্মসাৎ এর সামিল। এ ধরনের ঘটনা অনভিপ্রেত।

এমতাবস্থায় ডিডিও-র ব্যাংক হিসেবে জমা প্রদান করা হয়নি এরকম কোন অর্থ থাকলে তা ১০.০১.২০১৯ খ্রি. তারিখের মধ্যে ডিডিও-র ব্যাংক হিসাবে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হল। নিম্নোক্ত ছকে এ ধরনের অর্থের হিসাব আগামী ১১.০১.২০১৯খ্রি. তারিখে উপজেলা সমন্বয়কারী সংশ্লিষ্ট জেলার জেলা সমন্বয়কারীর নিকট দাখিল করবেন। জেলা সমন্বয়কারী উপজেলার একীভূত হিসাব ১২.০১.২০১৯ তারিখের মধ্যে সদর কার্যালয়ে সফট কপি (ao@ebek-rdcd.gov.bd) প্রেরণ করবেন। প্রয়োজনে ০১৯৩৮৮৭৯০০৭ নম্বর ফোনে যোগাযোগ করা যেতে পারে। জেলা সমন্বয়কারী পদস্থ না থাকলে সদর উপজেলা সমন্বয়কারী সকল উপজেলার তথ্য একীভূত করে প্রেরণ করবেন। ব্যাংক স্টেটমেন্টসহ উপজেলার প্রতিবেদন জেলা সমন্বয়কারীর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। শীঘ্রই স্থানীয় পর্যায়ে এ তহবিল অডিটের ব্যবস্থা করা হবে।

বিষয়টি অতীব জরুরি।

  
(মাকব্বর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
একটি বাড়ি একটি খামার প্রকল্প

জেলা সমন্বয়কারী (সকল)

একটি বাড়ি একটি খামার প্রকল্প

-----

ছক

উপজেলার নামঃ

জেলার নামঃ

২০১৭-১৮ অর্থবছরে ম্যানেজার/সভাপতির সম্মানীর জন্য বরাদ্দ	ট্রেজারী হতে উত্তোলিত নীট অর্থের পরিমাণ	সমিতিতে বিতরণকৃত অর্থের পরিমাণ	অবিতরণকৃত অর্থের পরিমাণ	ডিডিও-র ব্যাংক হিসাবে জমাকৃত অর্থের পরিমাণ (ব্যাংক স্টেটমেন্টসহ)	অবশিষ্ট অর্থের পরিমাণ ও তা কোথায় রাখা হয়েছে

কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারীর নাম ও স্বাক্ষর  
E:\2018-19\Latter\Fild letter.docx

উপজেলা সমন্বয়কারীর নাম ও স্বাক্ষর

AP  
pls  
Upload  
০৭/০১/১৯